গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৪.০০১.৩২.০০১.২০২৬- ৬২৭ (৫)

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩২
৩১ মার্চ, ২০২৬

# ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর সদর উপজেলাধীন চেহেলগাজী মাজার শরিফ ওয়াক্ফ এস্টেটের ২৫ টি লিচু গাছ ও পুকুর আগামী ২০২৬-২০২৮ সালের ০৩ (তিন) বছরের মেয়াদের জন্য মুখ বন্ধ খামে নিলাম ডাকের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহ্বান করা হচ্ছে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যথা সময়ের মধ্যে মুখ বন্ধ খামে দপত্র দাখিল করে বর্ণিত ইজারা ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| লট নং | ইজারা প্রদানের ধরণ | নির্ধারিত ইজারা মূল্য | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র উন্মুক্তকরনের সময় তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | ২৫ টি লিচু গাছ | ১,৫০,০০০/- (তিন বছর মেয়াদী) | আগামী ০৮/০৪/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২.৩০ ঘটিকা পর্যন্ত | আগামী ০৮/০৪/২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় |
| ০২. | পুকুর | ৮০,০০০/-(তিন বছর মেয়াদী) | | |

**ইজারার শর্তাবলী:**

(১) নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ প্রতি লটের বিপরীতে ডাকে অংশগ্রহণের জন্য লিচু গাছের বিপরীতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং পুকুরের বিপরীতে ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে-অর্ডার মুখ বন্ধ খামে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত করে উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর এর বরাবরে দরপত্র বাক্সে দাখিল করতে হবে। হাতে হাতে বা খোলা কোন দরপত্র গ্রহণ করা হবে না।
(২) নিলাম ডাকে সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত পে-অর্ডার ফেরত প্রদান করা হবে না তা নিলাম ডাকের মূল্যের সাথে সমন্বয় করা হবে। এছাড়া নিলামে অংশগ্রহণকারী সকলের (ইজারা গৃহীতা ব্যতীত) পে-অর্ডার ফেরতযোগ্য।
(৩) সর্বোচ্চ ডাককারীকে গৃহীত ডাকের সমুদয় টাকা ডাক গ্রহণের পরবর্তী ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জমা প্রদান করতে হবে (অন্যথায় তার ইজারা বাতিল করা হবে)।
(৪) গৃহীত দরের সমুদয় অর্থ জমা প্রদান অন্তে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন পূর্বক ২৫ লিচু গাছ ও পুকুরের দখল বুঝে দেয়া হবে।
(৫) ইজারা গ্রহিতা কোন অবস্থাতেই ইজারা প্রদত্ত জমি সাব-লিজ দিতে পারবেন না।
(৬) ইজারার সময় অতিক্রান্ত হওয়ার সঙ্গে সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে ইজারা প্রদত্ত সম্পত্তি হতে বিধি মোতাবেক বেদখল বলে গণ্য হবেন।
(৭) উল্লেখিত শর্তাবলীর যে কোন একটি বা আংশিক লঙ্ঘিত হলে ইজারা বাতিল করে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে উক্ত সম্পত্তি পুনঃ ডাকের ব্যবস্হা নেয়া হবে। প্রয়োজনে ডাককারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।
(৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রাপ্ত ডাক গ্রহণ বা বাতিল এবং সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এতদ্‌বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

31.03.26
(তমালিকা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
চেহেলগাজী মাজার শরিফ ওয়াক্ফ এস্টেট
দিনাজপুর সদর, দিনাজপুর
☎: +৮৮ ০২৫৮৯৯২৫১২২(অ:)
e-mail: unodinajpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৪.০০১.৩২.০০১.২০২৬-

তারিখ: চৈত্র, ১৪৩২
মার্চ, ২০২৬

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
(১) ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।
(২) জেলা প্রশাসক, দিনাজপুর।
(৩) পুলিশ সুপার, দিনাজপুর।
(৪) অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, সদর, দিনাজপুর (নিলামকালীন সময়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো)।
(৫) প্যানেল চেয়ারম্যান, ১নং চেহেলগাজী ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর (অত্র বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট-বাজারে ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্হা গ্রহণের অনুরোধ করা হলো)।
(৬) জনাব মোঃ আফজালুল হক, হাফেজ ও শিক্ষক, চেহেলগাহী মাজার শরীফ, সদর, দিনাজপুর (ইজারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য মাইকিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
(৭) জনাব ............................................................................................. দিনাজপুর সদর, দিনাজপুর।
(৮) নোটিশ বোর্ড।
(৯) অফিস কপি।

31.03.26
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর

রুস্তম পিসি/majar